# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 17-08-2026 Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন, দেশের ব্যাঙ্কিং ক্ষেত্রের সংস্কার বিষয়ে সিদ্ধান্ত নিতে সরকার খুব শীঘ্রই একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করবে।

২) মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আজ পাটনায় নির্বাচন বিষয়ে সচেতনতার জন্য ‘ইলেক্টোরাল লিটারেসি ক্লাব’-এর আনুষ্ঠানিক সূচনা করবেন।

৩) সুপ্রিম কোর্ট, সিকিমে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের ক্ষেত্রে ২০০২ সালকে ভিত্তিবর্ষ ধরার নির্বাচন কমিশনের সিদ্ধান্তে হস্তক্ষেপ করেনি।

৪) বিহারের লক্ষ্মীসরাই জেলার অশোক ধামে আজ সকালে পদপিষ্ট হয়ে ৭ মহিলা তীর্থযাত্রীর মৃত্যু। রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীর শোকপ্রকাশ।

৫) পশ্চিমবঙ্গের বীরভূম জেলার তারাপীঠ থানা সংলগ্ন একটি হোটেলে অগ্নিকান্ডের ফলে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৭ ।

৬) বিশ্ব ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপে পুরুষদের ডাবলসে, ভারতের এম আর অর্জুন ও হরিহরণ আমসাকারুনান জুটি, দ্বিতীয় রাউন্ডে উঠেছেন। প্রাক্তন বিশ্ব চ্যাম্পিয়ন ভারতের পি ভি সিন্ধু মহিলাদের সিঙ্গলসে আজ খেলতে নামবেন।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন, দেশের ব্যাঙ্কিং ক্ষেত্রের সংস্কার বিষয়ে সিদ্ধান্ত নিতে সরকার খুব শীঘ্রই একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করবে। বিকশিত ভারত গড়ার

লক্ষ্যে ব্যাঙ্কিং ক্ষেত্রের সক্রিয় ভূমিকা সহ এই কমিটি দেশের উন্নয়নে ব্যাঙ্কের ইতিকর্তব্য বিষয়ে সুপারিশ করবে। আজ নতুন দিল্লিতে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির দুদিনের সম্মেলনের উদ্বোধন করে তিনি এ কথা বলেন।

( বাইট- সীতারমন )

এই সম্মেলনে রাষ্ট্রায়ত্ত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানের উচ্চপদস্থ আধিকারিকরা আগামী দিনে দেশের ব্যাংকিং ক্ষেত্রে অগ্রাধিকার বিষয়ে মত বিনিময় করবেন। এছাড়াও, পরিবর্তিত পরিস্থিতিতে ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের কাজের সম্ভাবনা ও সুযোগ নিয়েও আলাপ আলোচনা হবে বলে জানা গেছে।

oooooooooooooooooooooooo

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আজ পাটনায় 'ইলেক্টোরাল লিটারেসি ক্লাব'- ELC 2.0-এর আনুষ্ঠানিক সূচনা করবেন। দেশের তরুণ প্রজন্মের মধ্যে প্রযুক্তির ব্যাবহার বৃদ্ধির কথা মাথায় রেখে ELC 2.0-র সূচনা করা হচ্ছে। আগামী ছয় মাসের মধ্যে দেশজুড়ে ১৫ লক্ষ বিদ্যালয়, ৭০ হাজার কলেজ এবং ১ হাজার ৪ শো ২০টি বিশ্ববিদ্যালয়ে এই ক্লাব গঠনের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। উল্লেখ্য, তরুণ প্রজন্মকে নির্বাচন প্রক্রিয়ার সঙ্গে পরিচিত করাতে নির্বাচন কমিশন ২০১৮ সালে প্রথম 'ইলেক্টোরাল লিটারেসি ক্লাব' চালু করে।

এর পর, মুখ্য নির্বাচনী কমিশনার রাজগীরের নালন্দা বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে প্রায় ৫ শো জন বুথ লেভেল আধিকারিকের সঙ্গে সরাসরি মতবিনিময় করবেন।

oooooooooooooooooooooooo

সুপ্রিম কোর্ট, সিকিমে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের ক্ষেত্রে ২০০২ সালকে ভিত্তিবর্ষ ধরার নির্বাচন কমিশনের সিদ্ধান্তে হস্তক্ষেপ করেনি। ভারতের প্রধান বিচারপতি সূর্য কান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি এবং বিচারপতি ভি মোহনার ডিভিশন বেঞ্চ ওই রাজ্যের একটি অসরকারি সংগঠনের জনস্বার্থ মামলা খারিজ করে জানায়, ২০০২-এর পরিবর্তে ১৯৯৩ সালকে ভিত্তিবর্ষ হিসেবে বিবেচনা করার প্রয়োজন নেই।

উল্লেখ্য, এই অসরকারি সংগঠনটি ১৯৯৩ সালকে SIR-এর জন্য ভিত্তিবর্ষ করার আবেদন জানিয়ে জনস্বার্থ মামলা করেছিলো। তবে, সুপ্রিম কোর্ট বলেছে, মামলাকারী এ বিষয়ে তার বক্তব্য সরাসরি নির্বাচন কমিশনকে জানাতে পারবে।

ooooooooooooooooooooooo

লাদাখ ও জম্মু-কাশ্মীরের উঁচু পার্বত্য এলাকায় আজ থেকে জনগণনার জন্য স্ব-গণনা বা সেল্ফ এনিউমারেশন প্রক্রিয়া শুরু হচ্ছে। এই প্রক্রিয়া চলবে আগামী ৩১-শে আগস্ট পর্যন্ত। আগামী পয়লা সেপ্টেম্বর থেকে ৩০-শে সেপ্টেম্বর পর্যন্ত এই এলাকায় মূল তথ্য  সংগ্রহের কাজ চলবে। সেনাবাহিনী, আই টি বি পি এবং বিমানবাহিনীর মতো বিশেষ প্রতিষ্ঠানগুলিকেও এই জগণনার দ্বিতীয় পর্যায়ে অন্তর্ভুক্ত করা হবে বলে জানানো হয়েছে।

ooooooooooooooooooooooo

ইউজিসি নেট-এর প্রশ্নপত্রে একাধিক ‘ত্রুটির’ অভিযোগে ইংরেজি, বাণিজ্য এবং সমাজবিদ্যার পরীক্ষা পুনরায় নেওয়ার কথা ঘোষণা করেছে NTA। পরীক্ষার দিনক্ষণও ঘোষণা করা হয়েছে। আগামী ৯ই সেপ্টেম্বর ইংরেজী এবং বাণিজ্যের পরীক্ষা হবে। পরের দিন, ১০ই সেপ্টেম্বর সকাল ৯টা থেকে হবে সমাজবিদ্যার পরীক্ষা।

oooooooooooooooooooooooo

ঝাড়খণ্ডে সরকারি পরীক্ষায় অনিয়মের প্রতিবাদে চাকরিপ্রার্থীদের বিক্ষোভ আজ ২৪ দিনে পড়লো। সমস্যা সমাধানের লক্ষ্যে আজ দুপুর ২টোয় আন্দোলনকারী ছাত্রদের সাথে আলোচনার জন্য একটি বৈঠক ডেকেছে রাজ্য সরকার।

রাজ্য সরকারের বিরুদ্ধে স্লোগান তুলে তারা PSC এবং SSC পরীক্ষা বাতিলের দাবি জানান। আগামী ২০ শে আগস্ট মুখ্যমন্ত্রীর বাসভবন ঘেরাওয়েরও ডাক দেওয়া হয়েছে।

ooooooooooooooooooooooo

ভারতীয় সেনাবাহিনীর একটি দল ভারত-থাইল্যান্ড যৌথ সামরিক মহড়া মৈত্রী-পঞ্চদশ ২০২৬-এ অংশ নিতে সেদেশের উদ্দেশে রওনা হয়েছে। আগামিকাল দুসপ্তাহের এই সামরিক মহড়া শুরু হবে। প্রতিরক্ষা মন্ত্রক সূত্রে জানানো হয়েছে, ভারত ও থাইল্যান্ডের মধ্যে সামরিক ক্ষেত্রে সহযোগিতা আরও সুদৃঢ় করার লক্ষ্যেই এই মহড়ার আয়োজন করা হয়েছে। রাষ্ট্রসংঘের সনদ অনুসারে, জঙ্গলে যৌথ ভাবে সন্ত্রাসবাদ ও জঙ্গিবিরোধী অভিযান পরিচালনা সহ দুদেশের সেনাবাহিনীর দক্ষতা বৃদ্ধিতেও এই মহড়া বিশেষ ভূমিকা নেবে।

ooooooooooooooooooooooo

বিদেশমন্ত্রকের অর্থনৈতিক সম্পর্ক দফতরেরে সচিব সুধাকর দালেলা আজ নতুন দিল্লিতে ব্রিকস সিভিল ফোরাম ২০২৬-এর উদ্বোধন করেছেন। এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, ব্রিকস দেশগুলির মধ্যে সহযোগিতার ক্ষেত্রে ভারত জনকেন্দ্রিক সুসংহত উদ্যোগের ওপর জোর দিয়ে থাকে। তিনি বলেন, ব্রিকস দেশগোষ্ঠীর কাজে, উদীয়মান অর্থনীতির দেশগুলির ক্রমবর্ধমান গুরুত্ব এবং যৌথ উদ্যোগের প্রতিফলন ঘটে। বহুপাক্ষিকতার নীতিতে গঠনমূলক আলোচনার মঞ্চ হিসেবে ভারত, এই গোষ্ঠীকে কাজে লাগাতে চায় বলেও তিনি উল্লেখ করেন।

( বাইট-দালেলা )

oooooooooooooooooooooooo

বিহারের লক্ষ্মীসাগর জেলার অশোক ধামে আজ সকালে পদপিষ্ট হয়ে ৭ মহিলা তীর্থযাত্রীর মৃত্যু হয়েছে। শ্রাবণ মাসের তৃতীয় সোমবার জলাভিষেকের জন্য সেখানে বহু ভক্ত সমাবেশ হয়েছিল। এই ঘটনায় আরও ১০ জন গুরুতর আহত হয়েছেন। এঁদের পাটনা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। একটি বিদ্যুতের স্তম্ভ উপড়ে, তার ছিঁড়ে পড়ার গুজবে ভক্তদের মধ্যে চাঞ্চল্য এবং ঠেলাঠেলি শুরু হয়ে যায়। এর ফলেই, ঘটনাস্থল থেকে বেরোতে গিয়ে বহু মানুষ পদপিষ্ট হন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, এই ঘটনায় ভক্তদের মৃত্যুতে গভীর শোক ও দুঃখপ্রকাশ করেছেন। তাঁরা আহতদের দ্রুত সুস্থতা কামনা করেছেন। এদিকে, বিহারের মুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরীও এই ঘটনায় দুঃখ প্রকাশ করে ঘটনাস্থলে দ্রুত উদ্ধারের কাজ চালানোর জন্য স্থানীয় প্রশাসনকে নির্দেশ দিয়েছেন। তিনি নিহতদের নিকটাত্মীয়দের জন্য ৪ লক্ষ টাকা আর্থিক সহায়তার ঘোষণা করেছেন।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গের বীরভূম জেলার তারাপীঠ থানা সংলগ্ন একটি হোটেলে অগ্নিকান্ডের ফলে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৭ ।

দমকল ও পুলিশ বাহিনী, ঘটনাস্থল থেকে ২২ জনকে উদ্ধার করেছে। তাদের মধ্যে ১১ জনকে গুরুতর আহত অবস্থায় রামপুরহাট মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। ঘটনাস্থলে পাঠানো হয়েছে ফরেন্সিক দলকে। হোটেলটিতে ফায়ার লাইসেন্স কি অবস্থায় ছিল, তা' খতিয়ে দেখা হচ্ছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বীরভূমে অগ্নিকান্ডের ঘটনায় গভীর শোকপ্রকাশ করেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে তিনি এই ঘটনায় আহতদের দ্রুত সুস্থতা কামনা করেছেন। ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে স্থানীয় প্রশাসন ব্যবস্থা নিয়েছেন বলে তিনি উল্লেখ করেছেন।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে নতুন সরকারের ১০০ দিন পূর্তি উপলক্ষ্যে পুরুলিয়ায় আজ একাধিক গুরুত্বপূর্ণ সরকারি কর্মসূচিতে যোগ দিতে সেখানে যাচ্ছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

মানবাজারে 'জাইকা'র সহায়তায় পানীয় জল প্রকল্পের উদ্বোধন করার কথা রয়েছে তাঁর। এছাড়াও, রঘুনাথপুরে একটি বেসরকারি সংস্থার ইস্পাত কারখানার ভিত্তিপ্রস্তর স্থাপন করার

কথা মুখ্যমন্ত্রীর। সংস্থার প্রায় চার হাজার কোটি টাকার এই বিনিয়োগে উল্লেখযোগ্য কর্মসংস্থান তৈরি হবে বলে আশা করা হচ্ছে।

oooooooooooooooooooooooo

কর্মী, জন-অভিযোগ এবং পেনশন বিষয়ক প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং আজ নতুনদিল্লিতে জাতীয় অনুভব পুরস্কার, ২০২৬ প্রদান করবেন। অনুষ্ঠানে 'পেনশন মিত্র হ্যান্ডবুক' এবং দেশব্যাপী 'ডিজিটাল লাইফ সার্টিফিকেট ক্যাম্পেইন-৫'-এর নির্দেশিকাও প্রকাশ করা হবে বলে সংশ্লিষ্ট মন্ত্রক সূত্রে জানানো হয়েছে। একটি ব্যাঙ্ক প্রদর্শনীরও আয়োজন করা হয়েছে, যেখানে ১৭টি ব্যাঙ্ক যারা অবসরপ্রাপ্ত কর্মীদের জন্য তাদের বিশেষ পরিষেবাগুলি তুলে ধরবে।

oooooooooooooooooooooooo

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ মহান বিপ্লবী মদন লাল ধিংড়ার আত্মবলিদান দিবসে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সমাজ মাধ্যমে এক বার্তায়, অধ্যক্ষ বলেন, মদন লাল ধিংড়ার জীবন অদম্য সাহস, দেশপ্রেম ও আত্মত্যাগের এক অনন্য দৃষ্টান্ত।

ওম বিড়লা বলেন, মদন লাল ধিংড়ার এই চরম আত্মত্যাগ ভারতের তরুণ প্রজন্মের মনে স্বাধীনতার চেতনা, আত্মমর্যাদা এবং দেশপ্রেমের শিখাকে আরও তীব্র করে তুলবে।

oooooooooooooooooooooooo

পিএম গতিশক্তি উদ্যোগের আওতায় বিভিন্ন মন্ত্রক এখনও পর্যন্ত মোট ৩ শো ৯৬টি প্রকল্প অনুমোদনের জন্য সুপারিশ করেছে। এর জন্য ব্যয় হতে পারে প্রায় ১৮ লক্ষ কোটি টাকার বেশি। সংসদের সদ্য সমাপ্ত বাদল অধিবেশনে লোকসভায় এক লিখিত জবাবে শিল্প ও বাণিজ্য প্রতিমন্ত্রী জিতিন প্রসাদ বলেন,

মন্ত্রক ইতিমধ্যেই ২ শো ৫৬টি প্রকল্পের অনুমোদন করেছে। এর মধ্যে ১ শো ৯৮টি প্রকল্পের কাজ চলছে।

oooooooooooooooooooooooo

নতুন দিল্লিতে আয়োজিত BWF বিশ্ব ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপে পুরুষদের ডাবলসে, ভারতের এম আর অর্জুন ও হরিহরণ আমসাকারুনান জুটি, দ্বিতীয় রাউন্ডে উঠেছেন। দ্বিতীয় গেমে তাঁরা ৬-4 ব্যবধানে এগিয়ে থাকার সময়ে, প্রতিপক্ষ আয়ারল্যান্ডের স্কট গিলডিয়া ও পল রেনল্ডস জুটি ম্যাচ থেকে সরে দাঁড়ান। এর আগে, অর্জুন ও আমসাকারুনান প্রথম গেমটি ২১-১৬ সেটে জিতেছিলেন।

আজ, প্রাক্তন বিশ্ব চ্যাম্পিয়ন ও নবম বাছাই পি ভি সিন্ধু মহিলাদের সিঙ্গলসে, আয়ারল্যান্ডের সোফিয়া নোবলের মুখোমুখি হবেন।

oooooooooooooooooooo

ভারতের বিরুদ্ধে পুরুষদের প্রথম টেস্ট ক্রিকেটে শ্রীলঙ্কা প্রথম ইনিংসে এখনও পর্যন্ত ৫ উইকেটে ১৪৯ রান করেছে। এখনও পর্যন্ত শ্রীলঙ্কা ৩১৩ রানে পিছিয়ে আছে।

ooooooooooooooooooooo